সিভিকের দাদাগিরি, সেচনালা বন্ধ করে দোকানঘর নির্মাণ অসহায় কৃষকদের পাশে দাঁড়ালো পঞ্চায়েত

দুরন্তবার্তা, পূর্ব বর্ধমান, ২৮ জুলাই ঃ ডিভিসির সেচনালা বন্ধ করে দিয়ে, ছোঁড়া ফাঁড়ির সিভিকের দোকান ঘর নির্মাণ। নীরব ছোঁড়া ফাঁড়ির পুলিশ। চাষের জন্য ডিভিসি ক্যানেলের জল ছাড়তেই কৃষকদের বিক্ষোভ। চাষ করতে পারছে না হাজার হাজার কৃষক। পুলিশকে তোয়াক্কা না করেই হাজার হাজার অসহায় কৃষকের পাশে দাঁড়ালো পূর্ব বর্ধমানের আউশগ্রাম ২ ব্লকের রামনগর গ্রাম পঞ্চায়েত। অনাবৃষ্টিতে অসহায় কৃষকদের অবস্থা। চাষ করতে পারেননি হাজার হাজার কৃষক এতোদিন। এবার ডিভিসি জল আসতেই অসহায় অবস্থার মধ্যে পরে কৃষকরা। ছোঁড়া ফাঁড়ির অভিযুক্তঃ সিভিকের বাড়ি ধনকোড়াতে। তার দোকান ঘরটি রয়েছে মোড়বাঁধের কাছে। এই নিয়ে সিভিকের সঙ্গে একাধিক বার কৃষকরা মিটিং করলেও, তা মানেনি সিভিক। সে ক্ষমতার আস্ফালন দেখায়। এবার কৃষকদের পাশে দাঁড়ায় রামনগর গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েতের প্রধান সুকুমার আঁকুড়ে। রামনগর গ্রাম পঞ্চায়েত সূত্রে খবর অভিযুক্ত সিভিক অর্ধেন্দু ঘোষ, নিজে কৃষি সেচ নালা বুজিয়ে দেওয়াতে কৃষকরা ক্ষোভে ফেটে পড়েন। এটা তারই দোষ। কৃষকদের ডিভিসি নালা আটকে দিয়েছে অভিযুক্ত ওই সিভিক ভলেন্টিয়ার। ফলে চাষ আটকে গেছিল হাজার হাজার হেক্টর জমির। শেষমেশ রামনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান সুকুমার আঁকুড়ে, নওপাড়া গ্রামের পঞ্চায়েত সদস্য সুকুমার মেটেরা দাঁড়িয়ে থেকে অভিযুক্ত সিভিক পুলিশের মোড়বাঁধের দোকানঘরের সামনে দিয়ে জিপসি দিয়ে সেচনালাটি পুনরায় কেটে নির্মাণ করেন। বৃহস্পতিবারের এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে রামনগর এলাকায়। এলাকার নওপাড়া, ছোঁড়া কলোনীর হাজার হাজার কৃষক এই নালাকে পুনরায় নির্মাণ করাতে আনন্দ প্রকাশ করেন। এবং বাধা দিতে এলে অভিযুক্ত সিভিক অর্ধেন্দু ঘোষের সঙ্গে হাতাহাতিও হয় কৃষকদের। এই বিষয়ে জিজ্ঞেস করা হলে নওয়াপাড়া গ্রামের পঞ্চায়েত সদস্য সুকুমার মেটে বলেন, সিভিক তার ক্ষমতার অপব্যবহার করছিল। আমরা সরকারের গাইডলাইন অনুযায়ী হাজার হাজার কৃষকদের কথা ভেবে, এই অনাবৃষ্টিতে যাতে চাষ করতে পারে, তার ব্যবস্থা করেছি। রামনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান সুকুমার আঁকুড়ে বলেন, ছোঁড়া ফাঁড়ির পুলিশকে বলেও কিছু হয়নি। ব্যবস্থাও নেয়নি। তাই আমরাই অসহায় হাজার হাজার কৃষকদের পাশে দাঁড়িয়ে, সেচনালাটি নির্মাণ করে দিয়েছি। কৃষকদের পাশে আমাদের সরকার, প্রশাসন এবং আমরা জনপ্রতিনিধিরা রয়েছি। এই বিষয়ে জিজ্ঞেসা করতে ছোঁড়া ফাঁড়ির আইসি- পঙ্কজ নস্করকে ফোন করা হলে তিনি বলেন, বিষয়টি আমি জানি। দেখছি। তবে এসব বিষয়ে আমাকে আজ থেকে আর ফোন করবেন না। পুলিশের এই আচরণে ক্ষুব্ধ কৃষকরা। ক্ষুব্ধ রামনগর গ্রাম পঞ্চায়েতও।

বাঁদরের হামলায় গুরুতর জখম হলেন এক গৃহবধূ

দুরন্তবার্তা, মালদা, ২৮ জুলাই ঃ এক ঝাঁক বাঁদরের হামলায় গুরুতর জখম হলেন এক গৃহবধূ । তার চিকিৎসা চলছে মালদা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। বৃহস্পতিবার সকালে ঘটনাটি ঘটেছে পুখুরিয়া থানার খরসাননা এলাকায়। আহত গৃহবধূর নাম তুলো সাহা (৪৫) । এদিন সকালে ওই গৃহবধূ তার ছেলে- মেয়ের জন্য বাড়ির সামনের একটি দোকান থেকে মুখরোচক প্যাকেটজাত খাবার কিনে ফিরছিলেন । সেই সময় এলাকার গাছে থাকা বাঁদরের দল দেখতে পেয়ে ওই গৃহবধূর কাছ থেকে খাবার ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। সেই সময় বাঁদরে দল হামলা চালায়। তাতেই ওই মহিলা গুরুতর জখম হন । পরে আশেপাশের লোকজন ছুটে আসলে বাঁদরের দল এলাকা থেকে পালিয়ে যায়। জখম অবস্থায় ওই গৃহবধূকে স্থানীয়রা মালদা মেডিকেল কলেজে ভর্তির করেন।

মশা বাহিত রোগ থেকে রক্ষা করতে নিকাশী নালায় গাপ্পি মাছ ছাড়া হল

দুরন্তবার্তা, কোচবিহার, ২৮ জুলাই ঃ ডেঙ্গু ম্যালেরিয়ার মত মশা বাহিত রোগ থেকে কোচবিহারবাসীকে রক্ষা করতে কোচবিহার পৌরসভার পক্ষ থেকে এদিন কোচবিহার শহরের বিভিন্ন নিকাশী নালায় গাপ্পি মাছ ছাড়া হলো। আনুষ্ঠানিকভাবে এই গাপ্পি মাছ ছাড়া শুভ সূচনা করেন কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। তিনি জানান, রাজ্য সরকারের পক্ষ থেকে মশা বাহিত রোগ ঠেকাতে এক লক্ষ কুড়ি হাজার গাপ্পি মাছ দেওয়া হয়েছে কোচবিহার পৌরসভা কে। আর সেই সমস্ত গাপ্পি মাছ আজ কোচবিহারের বিভিন্ন নিকাশী নালায় ছেড়ে দেওয়া হলো। এই গাপ্পি মাছ মশার লার্ভা খেয়ে নেয়। ফলে মশা বংশবৃদ্ধি করতে পারে না। এই গাপ্পি মাছ নিকাশী নালায় থাকলে মশা বাহিত রোগ অনেকটাই নিয়ন্ত্রণ হবে।

হাতির হানা অব্যাহত

দুরন্তবার্তা, আলিপুরদুয়ার, ২৮ জুলাই ঃ হাতির হানা অব্যাহত আলিপুরদুয়ারের ফালাকাটা ব্লকে। হাতির হানায় আরও একবার ক্ষতিগ্রস্ত হল ছয়টি পরিবার। ফালাকাটা ব্লকের তাসাটি চা বাগানের কোয়ার্টার লাইন ও পানু লাইনে বুধবার গভীর রাতে দুটি হাতি ব্যাপক তাণ্ডব চালায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সংশ্লিষ্ট লাইনের পৃথক ৫ টি পরিবারের ঘরের বেড়া ভেঙে দিয়েছে ওই হাতি দুটি। পাশাপাশি একটি দোকান ঘর ভেঙে দেয়। শুধু তাই নয়, ঘরে মজুত রাখা খাবার সাবার করে দেয় হাতি দুটি। স্থানীয়রা জানান, বুধবার গভীর রাতে আচমকাই হামলা চালায় ওই হাতি দুটি। প্রায় ঘণ্টাখানেক তাণ্ডব চালিয়ে অন্ধকারে মিলিয়ে যায় তারা। এই ঘটনায় ব্যাপক আতঙ্ক ছড়িয়েছে ওই এলাকায়। সরকারি সহযোগিতার আর্জি জানিয়েছেন ক্ষতিগ্রস্তরা।

Office of the Executive Officer
Singur Panchayat Samity
TENDER NOTICE

Digitally signed and encrypted Tender is invited from the eligible Bidder for online submission for tender reference no: 850/EO, SINGUR dated 26.07.22 for Construction of 01 nos Roads and 02 nos Solar High Mast & 2nos drain within Singur Panchayat Samity. Last date for the online Bid submission is 11.08.2022 3.30pm. Details will be available at the office website and office Notice board.

Sd/- Executive Officer
Singur Panchayat Samity
Singur, Hooghly

TENDER NOTICE

NIT-04, 05, 06, 07 Dated- 26/07/22 Separate Sealed Tender are hereby invited by Prodhan, Chandi GP, 24 pgs(s). Last date & time of application for all NIT 04/08/22 up to 3 pm. Other details will be available from the office of the undersigned.

Sd/- Prodhan
Chandi Gram Panchayat
Amtala, 24pgs(s)

The Assistant Engineer, PWD Hooghly Construction Sub Division No II, Arambagh, Hooghly invites Tender vide NIT No.-05/Sub/II of 2022-2023 for 04 (Four) No. work from bonafied resourceful agency having technical and financial capability of performing the job. The details will be available in the office notice board and from office within office hour. Last date of application - 08.08.2022. Last date of receiving tender paper – 11.08.2022.

Sd/- A. De
Assistant Engineer (PWD)
Hooghly Construction Sub Division No-II
Arambagh, Hooghly

জমি বিবাদকে কেন্দ্র করে মারধর দুই পরিবারের, আহত উভয়পক্ষের ৭ জন

দুরন্তবার্তা, কোচবিহার, ২৮ জুলাই ঃ পারিবারিক জমি বিবাদকে কেন্দ্র করে মারধর দুই পরিবারের। ঘটনায় আহত উভয়পক্ষের সাতজন। ঘটনাটি মাথাভাঙ্গা ১ নং ব্লকের গোপালপুর গ্রাম পঞ্চায়েতের লক্ষীরহাটের উপনিরপার এলাকার। জানা গেছে এদিন সকালে জমিতে চাষ করা নিয়ে দুই পরিবারের মধ্যে ঝামেলা বাঁধে এবং হাতাহাতিতে দুই পরিবারের বেশ কয়েকজন আহত হন। গুরুতর আহত অবস্থায় মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন উভয়পক্ষের ৫ জন। জানা গেছে ৫ শতক জমি নিয়ে দুই পরিবারের মধ্যে ঝামেলা বেশ কয়েকদিন ধরেই। এর আগেও বাড়ি ভাঙচুর হয় এমনকি সালিশি সভাও হয়েছে কয়েকবার জমির ঝামেলা নিয়ে। প্রতিমা বর্মন নামে এক গৃহবধূ বলেন, এর আগেও বহুবার এই ৫ শতক জমি নিয়ে ঝামেলা হয়েছে আমাদের বাড়ি ভাঙচুর করেছে। বেশ কয়েকবার সালিশি সভাও হয়। কিন্তু তারা মানেন না এবং আজ লাঠিসোটা দিয়ে মারধর বলে অভিযোগ এবং তাদের পরিবারের ৪ জন হাসপাতালে চিকিৎসাধীন। অপরদিকে বিশ্বজিত বর্মনের অভিযোগ এই জমিটি তাদের কিন্তু তার কাকা এই জমি নিয়ে ঝামেলা করছে। আজ কোদাল নিয়ে জমিতে কাজ করার সময় লাঠিসোটা দিয়ে মারধর করা হয় এবং এই ঘটনায় তার মায়ের মাথা ফেটে যায় তার বাবারও আঘাত লাগে এবং তাকেও মারধর করা হয়। মারধরের ঘটনায় উভয়পক্ষই থানায় লিখিত অভিযোগ দায়ের করবেন বলে জানা গেছে।

ভিন রাজ্য থেকে বাড়ি ফেরার পথে রহস্যজনক ভাবে নিখোঁজ পরিযায়ী শ্রমিক

দুরন্তবার্তা, মালদা, ২৮ জুলাই ঃ ভিন রাজ্য থেকে বাড়ি ফেরার পথে রহস্যজনক ভাবে নিখোঁজ পরিযায়ী শ্রমিক। তিন মাসের কন্যা সন্তানকে নিয়ে স্বামীর বাড়ি ফেরার অপেক্ষায় রাস্তার ধারে দাঁড়িয়ে কাটছে দিন স্ত্রী মুকলেসা বিবি'র। কান্নায় ভেঙ্গে পড়েছে স্ত্রী সহ পরিবারের লোকেরা। জানা যায়, নিখোঁজ শ্রমিকের নাম মাসুম আলি (২২)। বাড়ি মালদা জেলার হরিশ্চন্দ্রপুর থানার বরুই গ্রাম পঞ্চায়েতের পাঁচলা গ্রামে। ১০ দিন থেকে নিখোঁজ রয়েছেন সে। পরিবার সূত্রে জানা যায়, পরিবারের মুখে দু' মুঠো ভাত তুলে দেওয়ার জন্য পরিবারের একমাত্র ছেলে মাসুম প্রায় ছয় মাস আগে ভিন রাজ্য জয়পুরে হোটেলে কাজ করতে যায়। কুরবানীর সময় বাড়ি ফেরার কথা থাকলেও ট্রেনের টিকিট না পাওয়ায় ১৯ জুলাই মঙ্গলবার বাড়ির উদ্দেশ্যে রওনা দেয়। এদিন সকাল এগারোটা নাগাদ স্ত্রীর সঙ্গে ফোনে কথাও হয়। বৃহস্পতিবার ট্রেন ধরে বাড়ি ফেরার কথা। তারপর থেকে মোবাইল অফ। এখনো পর্যন্ত কোনোরকম যোগাযোগ সম্ভব হচ্ছে না। কোথায় আছে? কি অবস্থায় আছে? তা তারা কেউ বলতে পারছে না। স্থানীয় থানায় নিখোঁজ ডায়েরি করেছেন পরিবারের লোকেরা। নিখোঁজ মাসুম আলির স্ত্রী মুকলেসা বিবি জানান, ১০ দিন ধরে নিখোঁজ রয়েছেন তার স্বামী। প্রায় প্রতিদিনই ফোনে কথা হতো। ১৯ জুলাই মঙ্গলবার সকাল এগারোটা নাগাদ শেষ কথা হয়। বৃহস্পতিবার ট্রেন ধরে বাড়ি ফেরার কথা জানিয়েছিল। তারপর তার মোবাইল বন্ধ। হঠাৎ করে তার এক বন্ধু ফোন করে জানায় তার স্বামীকে খুঁজে পাওয়া যাচ্ছে না। নিখোঁজ মাসুমের বাবা মুস্তাকিম জানান, তাকেও ফোন করে বাড়ি ফেরার কথা জানিয়েছিল। তারপর থেকে নিখোঁজ। সেখানে কোনো ঝামেলা হয়েছে এরকম কোনোদিন জানাইনি। তার কেউ শত্রু থাকতে পারে বলে মনে হচ্ছে না। তার রহস্যের পিছনে কি ঘটনা রয়েছে তা কেউ জানে না।

দুটি চোরাই বাইক সহ গ্রেফতার দুই

দুরন্তবার্তা, শিলিগুড়ি, ২৮ জুলাই ঃ ফের বড়সড় সাফল্য পেল শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ (এসওজি) ও মাটিগাড়া থানার সাদা পোশাকের পুলিশ। দুটি চোরাই মোটর বাইক সহ গ্রেফতার দুই। ধৃতদের বৃহস্পতিবার শিলিগুড়ি আদালতে পাঠানো হয়। এই চক্রের পেছনে আরও কেউ জড়িত রয়েছে কিনা তা খতিয়ে দেখছে মাটিগাড়া থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃত ব্যক্তিদের নাম রাজেশ সিংহ ও অনিল শা তারা দুজনে বাগডোগরা ও শিলিগুড়ির বাসিন্দা। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার রাতে মাটিগাড়া খাপরাইল মোড় এলাকায় অভিযান চালিয়ে দুটি চোরাই বাইক সহ দুই জনকে গ্রেফতার করে।

আগামী এক সপ্তাহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানাল আবহাওয়া দপ্তর

দুরন্তবার্তা, মালদা, ২৮ জুলাই ঃ বৃষ্টির অভাবে এবং গরমের প্রকোট বাড়ার কারণে গোটা জেলা জুড়েই অস্বস্তি বোধ তৈরি হয়েছিল সাধারণ মানুষের মধ্যে। কিন্তু আগামী এক সপ্তাহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানালো আবহাওয়া দপ্তর। মৌসুমী অক্ষরেখা যেহেতু উত্তর-পূর্ব ভারতের ওপরে অবস্থিত রয়েছে, তাই উত্তরবঙ্গের পাশাপাশি মালদাতে আগামী ১ আগস্ট পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাতে গরমের খানিকটা প্রভাব কমবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। জেলা আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, বর্ষার মরশুমে জেলায় এখনো পর্যন্ত ২০০ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। যেখানে প্রয়োজন রয়েছে ৬০০ মিলিমিটার। স্বাভাবিক কারণেই বৃষ্টির অভাবে চাষবাস থেকে শুরু করে নানান সমস্যাও দেখা দিতে পারে। তবে আগস্ট মাসের শুরুতে মৌসুমী অক্ষরেখা উত্তরের দিকে সরে যাবে। সেক্ষেত্রেও তুলনামূলক বৃষ্টিপাতের সম্ভাবনা কমবে। তবে আগামী এক সপ্তাহ গুমোট গরমের প্রভাবটা খানিকটা হলেও কমবে ভারী বৃষ্টিপাতের জন্য। আবহাওয়া দপ্তরের মালদা জেলা আধিকারিক তপন কুমার দাস জানিয়েছেন, বর্ষার মৌসুমে যে পরিমাণ বৃষ্টি উত্তরবঙ্গের জেলাগুলিতে হয়ে থাকে, তাতে এবার অনেকটাই ঘাটতি রয়েছে। মালদাতে আগামী ১ আগস্ট পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তার পাশাপাশি উত্তর-পূর্ব ভারতে ওপর যতক্ষণ এই মৌসুমী অক্ষরেখা বিস্তার থাকবে, ততদিন মেঘলা আবহাওয়া এবং দফায় দফায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

বড়সড় সাফল্য বাঁকুড়া পুলিশের, মোবাইল টাওয়ারের নামে প্রতারণায় ধৃত ৩

দুরন্তবার্তা, বাঁকুড়া, ২৮ জুলাই ঃ সম্প্রতি বাঁকুড়ার জয়পুরের এমনই এক প্রতারণার ঘটনার তদন্তে নেমে গোটা প্রতারক চক্রটিকেই গ্রেফতার করতে সমর্থ হল বাঁকুড়া জেলা পুলিশ। সম্প্রতি বাঁকুড়ার জয়পুর থানার বংশী চন্ডীপুর গ্রামের বাসিন্দা রাহুল বটব্যাল জয়পুর থানায় হাজির হয়ে তাঁর প্রতারনার অভিযোগ জানান। তিনি জানান টেলিফোনে প্রতারকরা তাঁকে মোবাইল টাওয়ার বসানোর প্রস্তাব দেয়। সেই প্রস্তাবে রাজী হলে ধীরে ধীরে তাঁর কাছ থেকে প্রায় ১৪ লক্ষ টাকা নিয়ে প্রতারণার করা হয়েছে। অভিযোগ পেতেই নড়েচড়ে বসে বাঁকুড়া জেলা পুলিশ। ফোন নম্বর ট্র্যাক করে গত ১৯ জুলাই রজত অধিকারী, রাজীব মজুমদার ও অনুপম মন্ডলকে গ্রেফতার করে পুলিশ। এই তিনজনকে জিজ্ঞাসাবাদ করে কলকাতার এয়ারপোর্ট থানার মহাজাতিনগর এলাকার একটি কল সেন্টারের সন্ধান পায় তদন্তকারীরা। এরপর গত কাল ওই কল সেন্টারে অভিযান চালিয়ে এই চক্রে যুক্ত শীষেন্দু দে, বিবেকানন্দ মন্ডল ও অভিজিত্ সরকার নামের আরো তিনজনকে গ্রেফতার করে পুলিশ। ওই কল সেন্টরে কর্মরত আরো ১২ জন কর্মীকে প্রাথমিক ভাবে পুলিশ ধরলেও প্রতারণার ঘটনায় তাদের সেভাবে যোগ না থাকায় পুলিশ পরে তাদের ছেড়ে দেয়। পুলিশ জানিয়েছে গোটা চক্রের মাস্টার মাইন্ড সিভিল ইঞ্জিনিয়ার শীর্ষেন্দু দে ও রজত অধিকারী। তদন্তকারীদের ধারণা এই প্রতারক দলটি অন্য কোনো জায়গায় প্রতারণার কাজ শিখেছিল। কিন্তু এই দলটির সাথে জামতাড়া গ্যাঙের যোগ নেই বলেই প্রাথমিক ভাবে মনে করছে তদন্তকারীরা। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে এই চক্রে আর কেউ যুক্ত রয়েছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ। দলটি শুধু জয়পুরের রাহুল বটব্যাল নয় এমন বেশ কিছু সাধারণ মানুষের কাছ থেকে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নিয়েছিল বলে ধারনা পুলিশের।

২৪ কেজি হাতির দাঁত সহ গ্রেফতার দুই

দুরন্তবার্তা, শিলিগুড়ি, ২৮ জুলাই ঃ ক্রেতা সেজে হাতির দাঁত কেনার জন্য গিয়েছিল বনকর্মীরা। এরপর হাতেনাতে ধরা পড়ে গেল চোরাকারবারিরা। চোরাকারবারীরা ছদ্দবেশী ক্রেতাদের জানিয়েছিল তাদের কাছে দুটি হাতির দাঁত রয়েছে। এর পর দরদাম চলছিল। ৬০ লক্ষ GB টাকা ওই দুটির হাতির দাঁতের দাম চেয়েছিল চোরাকারবারীরা। শেষে রফা হয় ১১ লক্ষ টাকায়। এক মাস ধরে এই কেনা বেচার কথা চলতে থাকে। পরিচয় গোপন করে বন কর্মীরা এই চোরাকারবারিদের ধরতে অবশেষে সাফল্য পেল। ২৭ জুলাই বিকালে ওই হাতির দাঁত কিনতে রাজি হয় ছদ্মবেশী বনকর্মীরা। এরপরই একটি বাইকে করে দুজন চোরাকারবারি মালবাজার থেকে ওদলাবাড়ী রোড হয়ে শিলিগুড়ি দিকে আসছিল হাতির দাঁত নিয়ে। পথে ওয়াসাবাড়ি টি গার্ডেন এর কাছে তাদের বাইকটি আটক করেন বনকর্মীরা। তাদের কাছে একটি ধূসর রঙ্গের সিন্থেটিক ব্যাগ উদ্ধার হয়। সেই ব্যাগ ব্যাগটি খুলতেই ভিতরে উদ্ধার হয় দুটি হাতির দাঁত। এর পর ধরা হয় ওই বাইকে থাকা দুজনকে। ধৃতদের নাম গোবিন্দ প্রধান ও বিকাশ লামা। গোটা এই অভিযানের নেতৃত্ব দেন বেলাকোবার রেঞ্জার সঞ্জয় দত্ত ও তার টিম। উদ্ধার হওয়া হাতির দাঁত দুটির ওজন ২৪ কেজি। বন বিভাগের রেঞ্জার সঞ্জয় দত্ত জানিয়েছেন সম্প্রতি এত বড় হাতির দাঁত উদ্ধার হয়নি। অভিযুক্তকে জিজ্ঞাসাবাদ করে এই চক্রে আরো কেউ জড়িয়ে রয়েছে কিনা তাদের কাছে পৌঁছানোর চেষ্টা করছে বন বিভাগ।

মারুনি নৃত্য নিয়ে তিন ব্যাপী কর্মশালা আয়োজিত

দুরন্তবার্তা, আলিপুরদুয়ার, ২৮ জুলাইঃ কালচিনি ব্লকের রাজাভাতখাওয়া পাম্পুবস্তি এলাকায় মারুনি নৃত্য নিয়ে তিন ব্যাপী কর্মশালা আয়োজিত হল। জেলা তথ্য সংস্কৃতি দফতরের পক্ষ থেকে এই কর্মশালা আয়োজিত হল। এদিনের কর্মশালার প্রথম দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এস জে ডি এ চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী, জেডিএ চেয়ারম্যান গঙ্গাপ্রসাদ শর্মা, জেলা তথ্য সংস্কৃতি আধিকারিক শিপ্রানুস বাস্কে সহ বিশিষ্টজনেরা । জেলা তথ্য সংস্কৃতি আধিকারিক শিপ্রানুস বাস্কে জানান যে নেপালি সম্প্রদায়ের মঙ্গর জাতির সাংস্কৃতিক লোক নৃত্য হচ্ছে মারুনি নৃত্য এই নৃত্য নিয়ে তিনদিনের প্রশিক্ষণ আয়োজিত হচ্ছে। এবং এখানে দার্জিলিং থেকে প্রশিক্ষক এসেছে। তিন দিনব্যাপী এই এলাকার মারুনি নৃত্য শিল্পীদের প্রশিক্ষণ দেওয়া হবে।

পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে ওভার ব্রিজে যানবাহনের পার্কিং করার ওপরে নিষেধাজ্ঞা জারি

দুরন্তবার্তা, মালদা, ২৮ জুলাই ঃ মালদা শহরের ওভারব্রিজে অবাঞ্ছিতভাবে যানবাহন দাঁড়িয়ে থাকার কারণে যানজটে, চরম সমস্যায় পড়তে হচ্ছিল সাধারণ মানুষকে। এমনকি বেআইনি পার্কিংয়ের জেরে দুর্ঘটনাও ঘটেছিল। সেই দিকে লক্ষ্য রেখে জেলা পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে ওভার ব্রিজে যানবাহনের পার্কিং করার ওপরে নিষেধাজ্ঞা জারি করা হয়। আর তারপরেই বৃহস্পতিবার সকাল থেকেই ওভার ব্রিজ বেআইনি পার্কিং ঠেকাতেই জেলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে শুরু হয় অভিযান । এদিন বেসরকারি বাস, ট্রেকার, ম্যাজিক ভ্যান, টোটো অটো সহ বিভিন্ন ধরনের যানবাহন ওভারব্রিজ দিয়ে চলাচল করলেও তাদের ওভারব্রিজে দাঁড়াতে দেওয়া হয়নি। জেলা ট্রাফিক পুলিশের অফিসার এবং সিভিক ভলেন্টিয়ার এদিন সকাল থেকেই ওভার ব্রিজের বেআইনি পার্কিংয়ের বিরুদ্ধেই অভিযান চালায়। উল্লেখ্য, মালদা শহরের প্রাণকেন্দ্র রবীন্দ্র এভিনিউ এলাকা থেকে ওভারব্রিজ শুরু হয়ে রথবাড়ি ৩৪ নম্বর জাতীয় সড়ক পেরিয়ে ওপারের আইটিআই কলেজ মোড়ে শেষ হয়েছে। প্রতিদিনই ওভারব্রিজের দুই প্রান্তেই অসংখ্য যানবাহন বেআইনিভাবে যাত্রী তোলার জন্য দাঁড়িয়ে থাকে বলে অভিযোগ। এই কারণেই এইসব এলাকায় হামেশাই যানজট পরিস্থিতি তৈরি হয়। এই নিয়ে বিভিন্ন মহল থেকে বিস্তার অভিযোগ উঠেছিল। আর তারপরেই জেলা পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে ওভার ব্রিজের উপর যে কোন ধরনের যানবাহন অবাঞ্ছিতভাবে পার্কিং করার বিরুদ্ধে অভিযান চালানো শুরু করা হয়। জেলা ট্রাফিক পুলিশ আধিকারিক বিটুল পাল জানিয়েছেন, ওভার ব্রিজের যানজট পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতেই সেখানে বেআইনি পার্কিং বন্ধ করার নির্দেশ জারি করা হয়েছে। বৃহস্পতিবার থেকেই ওভারব্রিজে যেকোনো ধরনের যানবাহন দাঁড় করানোর বিরুদ্ধে অভিযান চালানো শুরু করা হয়েছে।

প্লাস্টিক ব্যবহার নিষিদ্ধকরণে কর্মশালা

দুরন্তবার্তা, মালদা, ২৮ জুলাই ঃ প্লাস্টিক এবং থার্মোকলের ব্যবহার নিষিদ্ধকরণের ক্ষেত্রে একটি সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হলো মালদায়। বৃহস্পতিবার দুপুরে ইংরেজবাজার পুরসভার উদ্যোগে মালদা শহরের টাউন হল প্রাঙ্গনে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু চৌধুরী সহ অন্যান্য কাউন্সিলরেরা। নাগরিকদের সামনে প্লাস্টিক এবং থার্মোকল ব্যবহার কতটা ক্ষতিকর সে বিষয়ে সচেতনতামূলক বক্তব্য রাখেন চেয়ারম্যান এবং অন্যান্য কাউন্সিলরেরা।

প্লাস্টিক বর্জনের ক্ষেত্রে সচেতন বার্তা নিয়ে একটি কর্মশালার আয়োজন

দুরন্তবার্তা, মালদা, ২৮ জুলাই ঃ প্লাস্টিক বর্জনের ক্ষেত্রে সচেতন বার্তা নিয়ে একটি কর্মশালার আয়োজন অনুষ্ঠিত হলো মোথাবাড়ি এলাকায়। বৃহস্পতিবার মোথাবাড়ি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কালিয়াচক ব্লকের কনফারেন্স হলে প্লাস্টিক নিয়ে সচেতনতা বিষয়ে এই আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। সেখানে সংশ্লিষ্ট ব্লকের বিডিওসহ ব্লক প্রশাসনের অন্যান্য কর্তারা উপস্থিত হয়েছিলেন। যেখানে প্লাস্টিক ব্যবহারের ক্ষেত্রে মানুষের কতটা ক্ষতি মুখে পড়তে হচ্ছে এবং আগামীতে বিভিন্ন ধরনের প্লাস্টিক সমাজে কি ধরনের প্রভাব ফেলতে পারে মূলত এদিন সেইসব বিষয় নিয়ে এদিন এই আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়।

'একটি গাছ একটি প্রাণ' ঃ ক্রীড়া সংস্থা ময়দানে বিভিন্ন ধরনের বৃক্ষরোপন করা হয়

দুরন্তবার্তা, মালদা, ২৮ জুলাই ঃ বৃহস্পতিবার সকালে ক্রীড়া প্রেমী ও খেলোয়াড়দের উদ্যোগে বৃক্ষরোপন অনুষ্ঠান। 'একটি গাছ একটি প্রাণ'এই শ্লোগান কে সামনে রেখে বৃহস্পতিবার সকালে মালদা জেলা ক্রীড়া সংস্থা ময়দানে বিভিন্ন ধরনের বৃক্ষরোপন করা হয়। বৃক্ষরোপন করেন মালদা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক তথা ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন ক্রীড়া প্রেমী সঞ্জয় দাস, কিরন মুখার্জি, সুফল কর্মকার সহ অন্যান্য খেলোয়াড়রা। সাধারণ সম্পাদকের দায়িত্ব নেওয়ার পর জেলায় খেলার মানকে উন্নত করার পাশাপাশি উচ্চস্তম্ভ বাতি, সুসজ্জিত গ্যালারি, আধুনিক সুইমিং পুল সহ বেশ কিছু জিনিস নতুন করে সাজিয়ে তোলার উদ্যোগ নেন কৃষ্ণেন্দুবাবু। এদিন জেলা ক্রীড়া সংস্থার ময়দান এলাকায় বৃক্ষরোপন করা হয়। এই বিষয়ে কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী বলেন, ক্রীড়া প্রেমী ও খেলোয়াড়দের উদ্যোগে বৃক্ষরোপন করা হয়।

ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY
(A Statutory body of the Govt. of West Bengal)
City Centre, Durgapur - 713216
(Ph.: 0343-2546716/6815)

N.I.T. No: - ADDA/DGP/ED/N-62/2022-23
(Two-Cover Bid System)

Exe. Engg.(Civil), ADDA, Durgapur invites Sealed Percentage Rate Tender (Two-Cover Bid system) for the work **(1)** Landscaping at outside of Circuit House, Durgapur-713216; Estimated Amount: Rs. 4,85,318.00. **(2)** Supply, fitting and fixing of M.S. Angle surrounding the newly constructed pathway and toughened glass on S.S. Railing along the path way at Circuit House, Durgapur; Estimated Amount: Rs. 4,49,791.00. **(3)** Supplying and planting of different plants and trees at Circuit House, City Centre, Durgapur; Estimated Amount: Rs. 4,84,164.00. For other details visit our website **www.addaonline.in** or contact Exe. Engr. (Civil), ADDA, Durgapur.

Sd/-
Exe. Engr. (Civil), ADDA, Durgapur

CHATUMADAR GRAM PANCHAYAT OFFICE
VILL .& P.O. – CHATUMADA, P.S. - HURA, DIST. - PURULIA
CHATUMADAR GRAM PANCHAYAT
NOTICE FOR INVITING TENDER

1. Sealed Tenders are invited by the undersigned from eligible Contractors having 60% Credential of similar type of works for 6 nos. Of schemes (NIT-1 &NIT-2) to be constructed at different places under Chatumadar Panchayat. For details the contractors may visit to the office of the Chatumadar Gram Panchayat..Date and time for issuing tender form 01.08.2022 to 09.08.2022 up to 12.00 noon. Date of dropping of tender paper 01.08.2022 to 09.08.2022 up to 12.00 noon. Date and time for opening of tender paper 09.08.2022 at 1.00 pm. Period of completion 30 days.

S/D
Pradhan
Chatumadar Gram Panchayat

OFFICE OF THE EXECUTIVE OFFICER
PURULIA-I PANCHAYAT SAMITY
P.O.: Kotlui, Pin-723103, Dist: Purulia
NOTICE INVITING TENDER No. 5/EO/P-I/15-TH FC/2022-23, Dated:- 27.07.22

Sealed Tender are hereby invited for the execution of total 9 (Nine) Nos. of similar nature of works. Source of Fund